

## দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্প

“দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি ২৩৮৯.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ৩৮টি সমবায় সমিতির ২৮৮০ জন সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে। ১৬০ জন সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়াধীন আছে। নির্বাচিত ২৫২০ জন সুবিধা ভোগীকে (১) সমবায় সমিতি ও প্রকল্প সম্পর্কে পরিচিতি, (২) গরু পালনের গুরুত্ব ও গরুর জাত পরিচিতি (৩) গরুর রোগ বালাই সম্পর্কে ধারণা (৪) গরুর খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কে প্রশিক্ষণ এবং (৫) ভার্মি কম্পোস্ট ও জৈবসার উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ও সমিতির ব্যবস্থাপনা কমিটির ১৫০ জন সদস্যকে সমিতি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়। নির্বাচিত সুবিধা ভোগীগণের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত ২৭৯৫ জন কে ২টি করে উন্নত জাতের ষাঁড়/১ টি বকনা ক্রয়ের জন্য ৭০,০০০/- টাকা করে ঋণ সহায়তা হিসেবে মোট ১৯,৫৬,৫০,০০০/- টাকা একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে বিতরণ করা হয়েছে। এ প্রকল্পের প্রভাবে তিস্তা বিধৌত গংগাচড়া উপজেলার সুফলভোগী জনগোষ্ঠীর ব্যাপক আত্মকর্মসংস্থান সৃষ্টি হয়েছে, দুগ্ধ ও মাংস উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং প্রকল্প এলাকায় অর্থনৈতিক উন্নয়ন সাধিত হচ্ছে।



গংগাচড়া উপজেলায় প্রকল্পের সুবিধাভোগীগণের হাতে গাভী ক্রয় ঋণের চেক তুলে দিচ্ছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মো. রেজাউল আহসান, প্রকল্প পরিচালক, জনাব মোহাম্মদ আবুল বাশার এবং গংগাচড়া উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব আলহাজ্ব রুহুল আমিন।



গংগাচড়া উপজেলায় প্রকল্পের সুবিধাভোগীগণের সহিত মতবিনিময় সভায় অংশগ্রহণ ও সুবিধাভোগীগণের বাড়ী পরিদর্শন করেছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মো: রেজাউল আহসান মহোদয়।

## উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প

“উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি ১৫১৫৭.০৩ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ২৫টি জেলার ৫০টি উপজেলায় ২০০ জন করে মোট ১০,০০০ জন সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২০১৯-২০ অর্থ বছরের সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫০০ জন সুবিধাভোগীগণকে নির্বাচন করা হয়েছে। নির্বাচিত সুবিধাভোগীগণকে গাভী পালন ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত ২৫০০ জন সুবিধাভোগীগণকে ২টি করে উন্নত জাতের বকনা ক্রয়ের জন্য ১,০০,০০০/- টাকা গাভী ঋণ এবং ক্রয়কৃত বকনার খাদ্য ও আনুষংগিক ব্যয় নির্বাহের জন্য ২০,০০০/- টাকা করে কার্যকরী মূলধন ঋণ হিসেবে মোট ১,২০,০০০/- টাকার একাউন্ট পেয়ী চেক বিতরণ করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষিত এলএফএআই (কৃত্রিম প্রজননকারী) এর মাধ্যমে প্রকল্পের আওতায় ক্রয়কৃত বকনা/গাভীর কৃত্রিম প্রজনন ও টিকা প্রদানের ব্যবস্থা করা হচ্ছে। এ প্রকল্পের প্রভাবে দরিদ্র মহিলাদের আয় বৃদ্ধি পাচ্ছে, ক্ষমতায়ন হচ্ছে এবং দুর্গম ঘাটতির দেশে দুধের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে।



পীরগঞ্জ উপজেলায় প্রকল্পের সুবিধাভোগীগণের হাতে গাভী ক্রয় ঋণের চেক তুলে দিচ্ছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো: রেজাউল আহসান।



ত্রিশাল উপজেলায় প্রকল্পের সুবিধাভোগীগণের সহিত মতবিনিময় সভা অংশগ্রহণ করেছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো: রেজাউল আহসান।